

## অ্যাডেক্সেল পুরস্কার পেল বাংলাদেশের ৭০৯ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক >

বাংলাদেশের ৭০৯ জন শিক্ষার্থী পেল অ্যাডেক্সেল পুরস্কার। আন্তর্জাতিক পর্যায়ে অসাধারণ ফলাফল অর্জনের জন্য এই পুরস্কার দেওয়া হয়। গতকাল শনিবার অ্যাডেক্সেলের অ্যাডেক্সেল ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় 'সিক্সথ একাডেমিক অ্যাওয়ার্ড সিরিসমনি' অনুষ্ঠানে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অ্যাডেক্সেলের জানায়, চলতি বছর অ্যাডেক্সেলের অধীনে বাংলাদেশের ইংলিশ মিডিয়াম স্কুলগুলো থেকে ১৬ হাজারেরও বেশি শিক্ষার্থী বিভিন্ন পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ৭০৯ জনকে পুরস্কৃত করা হয়। তাদের মধ্যে প্রাথমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ে ৮১ জন, আন্তর্জাতিক জিসিএসই ৪৬০ জন এবং 'এ' লেভেলে রয়েছে ১১৩ জন। তবে প্রাথমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ে ৫৫ জন বিশ্বে সর্বোচ্চ নম্বর পেয়েছে। জিসিএসইর অন্তত সাতটি বিষয়ে 'এ' গ্রেড এবং 'এ' লেভেলের চারটি বিষয়ে 'এ' গ্রেড প্রাপ্তদের এ পুরস্কার দেওয়া হয়। এই শিক্ষার্থীদের মধ্যে এমন কিছু মেধাবী রয়েছে, যারা জিসিএসইর ১১টি বিষয়ে এবং 'এ' লেভেলে ছয়টি বিষয়ে 'এ' গ্রেড পেয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের পরিচালক বারবারা উইকহ্যাম, পিয়ারসন যুক্তরাজ্যের সহসভাপতি ডেরেক রিচার্ডসন, পিয়ারসন বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার সাইদুর রহমান, ব্রিটিশ কাউন্সিলের এক্সামিনেশনস ডিরেক্টর আন্ডিয়ানি পাপাপেরিক্লিয়াস, পিয়ারসন ভারতের স্কুল প্রগ্রামের

সহসভাপতি হরিশ দোরাইস্বামী এবং পিয়ারসন বাংলাদেশের রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার আব্দুল্লাহ আল মামুন লিটন। অনুষ্ঠানে বারবারা উইকহ্যাম বলেন, 'বাংলাদেশে অসংখ্য মেধাবী শিক্ষার্থী রয়েছে। যাদের সম্ভাবনা রয়েছে একটি উন্নত বিশ্ব গঠনে অবদান রাখার। অ্যাডেক্সেলের পরীক্ষায় প্রতিবছর বাংলাদেশি শিক্ষার্থীদের অসাধারণ নৈপুণ্য অর্জনই এর বড় প্রমাণ।' ডেরেক রিচার্ডসন বলেন, 'পিয়ারসন অ্যাডেক্সেল যুক্তরাজ্যের সনদ প্রদানকারী অন্যতম বৃহৎ সংস্থা। বিশ্বের ৮০টির বেশি দেশে পিয়ারসন কাজ করছে। অ্যাডেক্সেলের পরীক্ষায় বিপুলসংখ্যক বাংলাদেশি শিক্ষার্থীর অসাধারণ ফলাফলের জন্য আমি আনন্দিত। ১৯৭২ সাল থেকে বাংলাদেশে আমাদের সনদ প্রদানে সহায়তার জন্য ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের কাছে আমরা কৃতজ্ঞ।' ডেরেক রিচার্ডসন আরো বলেন, 'আমাদের সনদ, পাঠ্যক্রম, উপকরণ, মাল্টিমিডিয়া লার্নিং এবং পরীক্ষা কর্মসূচি প্রতিবছর বিশ্বের লক্ষাধিক মানুষকে শিক্ষিত করে তুলতে সহায়তা করছে। শিক্ষার্থীদের সম্ভাবনা পূর্ণ ব্যবহার করতে আমরা এই বৃত্তিমূলক সনদ প্রদান করছি।' আন্ডিয়ানি পাপাপেরিক্লিয়াস বলেন, 'পিয়ারসন অ্যাডেক্সেল আন্তর্জাতিক মান অনুযায়ী সনদ প্রদান করে থাকে। বাংলাদেশে আন্তর্জাতিক এই শিক্ষার সম্ভাবনার দ্বার খুলতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।' অনুষ্ঠানে দেশের বিভিন্ন ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।